

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৫

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ মহান আল্লাহ তা'আলা তাঁর ও তাঁর রাসূলের সাক্ষ্য দেওয়ার কারণে কোন কোন সময় নিজ অনুগ্রহে তাঁর বান্দাদের মধ্যে যাকে ভালবাসেন, তার পাপরাশি ক্ষমা করে দিবেন, যদিও তার এমন অতিরিক্ত নেকি থাকে না, যা তার পাপসমূহ মোচন করতে পারে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ اللَّهُ جَلَّ وَعَلَا بِتَفَضُّلِهِ قَدْ يَغْفِرُ لِمَنْ أَحَبَّ مِنْ عِبَادِهِ ذُنُوبَهُ بِشَهَادَتِهِ لَهُ وَلِرَسُولِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَإِنْ لَمْ يَكُنْ لَهُ فَضْلُ حَسَنَاتِ يَرْجُو بِهَا تَكْفِيرَ خَطَايَاهُ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْجُنَيْدِ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ بْنُ عُبَيْدِ اللَّهِ عَنْ عَبْدِ اللَّهِ عَنْ عَبْدِ اللَّهِ عَلْ الْمَعَافِرِيِّ قَالَ أَخْبَرَنَا اللَّيْثُ بْنُ سَعِدْ قَالَ حَدَّثَنِي عَامِرُ بْنُ يَحْيَى عَنْ أَبِي عَبْدِ الرَّحْمَنِ الْمَعَافِرِيِّ الْحُبُلِيِّ قَالَ: سَمِعْتُ عَبْدَ اللَّهِ بْنَ عَمْرِو بْنِ الْعَاصِ يَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَم: " إِنَّ اللَّهَ سيُخلِّص رُجُلًا مِنْ أُمَّتِي عَلَى رؤوس الْخَلَائِقِ يَوْمَ الْقِيَامَةِ فَيَنْشُرُ عَلَيْهِ وَسَلَم: " إِنَّ اللَّهَ سيُخلِّص رُجُلًا مِنْ أُمَّتِي عَلَى رؤوس الْخَلَائِقِ يَوْمَ الْقِيَامَةِ فَيَنْشُرُ عَلَيْهِ وَسَلَم: " إِنَّ اللَّهُ سَجِلًا كُلُّ سِجِلِّ مَدُّ الْبَصَرِ ثُمَّ يَقُولُ لَهُ: أَتُنْكِرُ شَيْئًا مِنْ هَذَا؟ عَلَيْهِ تِسْعَةً وَتِسْعِينَ سِجِلًا كُلُّ سِجِلٍّ مَدُّ الْبَصَرِ ثُمَّ يَقُولُ لَهُ: أَتُنْكِرُ شَيْئًا مِنْ هَذَا؟ عَلَيْهَ لَا عَلْمَ عَدْرٌ أَقْ حَسَنَةً وَإِنَّهُ لَا ظُلُمَ عَلَيْكَ الْيَوْمَ فَيُعْولَ؟ وَيَقُولُ: لَا يَارِب فَيَقُولُ: لَا يَالِ إِنَّ لَكَ عِنْدَنَا حَسَنَةً وَإِنَّهُ لَا ظُلُمَ عَلَيْكَ الْيَوْمَ فَيُخرِج لَهُ وَيَقُولُ: اللَّهُ وَزُنكَ وَيْعُولُ: إِنَّكَ لَا يُطَلَقُهُ فَيقُولُ: الْمُعَلِّ وَزُنكَ وَيُقُولُ: إِنَّكَ لَا تُظْلَم قَالَ: فَلُوضَع فَيقُولُ: يَارِب مَا هَذِهِ الْبِطَاقَةُ مَعَ هَذِهِ السِّجِلَّات؟ فَيَقُولُ: إِنَّكَ لَا تُظْلَم قَالَ: فَلَا يَقُولُ السِّمِ لَلَّ وَتُقُلِت اللَّهُ شَيْءً وَلَا لِللَّهُ شَيْعً وَلَا لِلْمِطَاقَةُ قَالَ: فَلَا مَاللَّهُ شَيْعً وَلَا اللَّهُ شَعْ هُذِهِ لَا السِّجَلَّاتُ وَقُولَتِ الْبِطَاقَةُ قَالَ: فَلَا يَتُقُلُ السِّمَ اللَّهُ شَيْءً وَلَا لَلْهُ اللَّهُ شَعْ هُذَهِ فَطَاشَتَ السِّجِلَّاتُ وتُقُلَتِ الْبِطَاقَةُ قَالَ: فَلَا يَقُولُ الْبَصِلَ اللَّهُ شَعْ هُو الْتُنْ وَلَا لَلْهُ مُنْ الْمَالَقَةُ وَلَا لَكُ اللَّهُ عَلَى الْلَهُ اللَّهُ اللَّهُ الْمَلْكَالُولُ اللَّهُ اللَّهُ اللَّهُ لَا اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ الْهَ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ الْمَا اللَّهُ اللَّه

الراوي: عَبْد اللَّهِ بْن عَمْرِو بْنِ الْعَاصِ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان المصدد: الرقم: 225 اخلاصة حكم المحدث: صحيح.

বাংলা



২২৫. আব্দুল্লাহ বিন আমর বিন আস রাদ্বিয়াল্লাছ আনছ থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাল্ল আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "নিশ্চয়ই মহান আল্লাহ আমার উন্মতের মধ্যে এক ব্যক্তিকে সমস্ত মাখলুক হতে আলাদা করবেন। অতঃপর তার সামনে নিরানব্বইটি (আমলনামার) রেকর্ডবুক প্রকাশ করবেন, প্রতিটি রেকর্ডবুক দৃষ্টিসীমা পর্যন্ত বিস্তৃত হবে। তারপর মহান আল্লাহ তাকে বলবেন: "তুমি এর কোন কিছুকে অস্বীকার করো কি? আমল সংরক্ষণ ও লিপিবদ্ধকারী আমার ফেরেস্তারা তোমার উপর যুলম করেছে কি?" সে জবাবে বলবে: "না, হে আমার প্রতিপালক!" মহান আল্লাহ বলবেন: "তোমার কি কোন ওজর বা নেকী আছে কি?" তখন সে হতবাক হয়ে বলবে: "না, হে আমার প্রতিপালক!" তখন মহান আল্লাহ বলবেন: "হাাঁ, আমাদের কাছে তোমার একটি নেকী আছে। আজ তোমার উপর কোন যুলম করা হবে না।" অতঃপর তিনি তার সামনে একটি কার্ড বের করবেন, যাতে লেখা আছে: "আমি সাক্ষ্ম দিচ্ছি যে, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই এবং নিশ্চয়ই মুহাম্মাদ সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর বান্দা ও রাসূল।" মহান আল্লাহ তাকে বলবেন: "মীযানের কাছে আসো।" সে বলবে: "হে আমার প্রতিপালক, এতগুলি রেকর্ডবুকের মোকাবিলায় এই একটি কার্ড দিয়ে কী হবে?" মহান আল্লাহ তাকে বলবেন: "নিশ্চয়ই তোমার উপর যুলম করা হবে না।" রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম বলেন: "অতঃপর (আমলনামার) রেকর্ডবুকসমূহ এক পাল্লায় আর কার্ডি এক পাল্লায় তুলে দেওয়া হবে। তো রেকর্ডবুকের পাল্লা হালকা হয়ে যাবে আর কার্ডের পাল্লা ভারী হয়ে যাবে। তিনি বলবেন: "আল্লাহর নামের চেয়ে ভারী আর কিছুই নেই।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/২১৩; তিরমিযী: ২৬৩৯; বাগাবী: ৪৩২১; ইবনু মাজাহ: ৪৩০০; হাকিম: ১/৫২৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ২৪০-২৪১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন